

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৭৫

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

اَلْفَصِيْلُ الثَّالِثُ (بَابُ فَضَائِل سَيِّدِ الْمُرْسَلِينَ)

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كُتِبَ عَلَيَّ النَّحْرُ وَلَمْ يُكْتَبُ عَلَيْكُمْ وَأُمِرْتُ بِصلَاةِ الضُّحَى وَلَمْ تؤمَروا بهَا» . رَوَاهُ الدَّارَقُطْنِيِّ يُكْتَبُ عَلَيْكُمْ وَأُمِرْتُ بِصلَاةِ الضُّحَى وَلَمْ تؤمَروا بهَا» . رَوَاهُ الدَّارَقُطْنِيِّ

اسناده ضعیف جذا ، رواه الدارقطنی (4 / 282 ح 4706) [و احمد (1 / 317) و البیهقی (8 / 264)] * فیم جابر بن یزید الجعفی ضعیف جدًا ، رافضی ـ (ضَعِیف)

বাংলা

৫৭৭৫-[৩৭] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমার ওপরে কুরবানী ফর্য করা হয়েছে; আর তোমাদের ওপর ফর্য করা হয়নি এবং আমাকে চাশতের সালাতের নির্দেশ দেয়া হয়েছে; আর তোমাদেরকে এর নির্দেশ দেয়া হয়নি। (দারাকুতনী)

ফটনোট

সনদ য'ঈফ: দারাকুত্বনী ৪২, জাবির ইবনু ইয়াযীদ আল জুফী যঈফ, আর শারীক ইবনু আবদুল্লাহ আল কারী-এর মুখস্থশক্তি দুর্বল, আর মুবারক মাজহুল আর হাম্মাদ আল কালবী য'ঈফ; য'ঈফাহ ২৯৩৭, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১১৬৩৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯৫০৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেছেন, আল্লাহ তা'আলা রাসূলুল্লাহ (সা.) -এর ওপর কুরবানী করা ফরয



করে দিয়েছিলেন। অতঃপর তিনি কুরআনের আয়াত পাঠ করেন, (الَهُ عَلَّ لِرَبِّكَ وَ انتَكَا لِ الْكِبَّكَ وَ انتَكَا اللهِ اللهُ ا

বলা হয়: রাসূলুল্লাহ (সা.)-এর ওপর কুরবানী করা ওয়াজিব চাই তার সম্পদ থাকুক বা না থাকুক। রাসূলুল্লাহ (সা.) -এর ওপর তিনটি বিষয় আবশ্যক করে দেয়া হয়েছিল যা তোমাদের ওপর অবশ্যক করা হয়নি। তা হলো কুরবানী করা, চাশতের সালাত আদায় করা, বিতর আদায় করা।

ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেছেন, চাশতের সালাত সম্পর্কে এ হাদীস ছাড়া অন্য আর কোন হাদীস পাওয়া যায় না। 'আল্লামাহ্ ইবনু হাজার আল আসকালানী (রহিমাহুল্লাহ) বলেছেন, চাশতের সালাতের নির্দেশ সম্পর্কে হাদীসটি য'ঈফ।

এ বিষয়ে আরো কিছু হাদীস বর্ণিত আছে। সবগুলোর সমন্বয়ে যা বুঝায় যে, চাশতের সালাতের বিধান হলো মুস্তাহাব। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন